# চুক্তিনামা

## বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, খাগড়াছড়ি পার্বত্য জেলার বিষয়াদি খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদে হস্তান্তর

সমন্বয়ে ঃ পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় ।

# খাগড়াছড়ি পার্বত্য জেলাধীন কৃষি উন্নয়ন কর্পোরেশন-এর কার্যক্রম খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের ব্যবস্থাপনায় ও নিয়ন্ত্রণে হস্তান্তরের চুক্তিপত্রঃ-

যেহেতু খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ২০ নং আইন যা ১৯৯৮ সনের ১০ নং আইন দ্বারা সংশোধিত) এর ধারা- ২২ এর অর্ন্তভূক্ত ১ম তফশীল অনুযায়ী সরকার কর্তৃক পরিচালিত খাগড়াছড়ি জেলার বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন-এর কার্যক্রম খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের ব্যবস্থাপনায় ও নিয়ন্ত্রণে নিম্নলিখিত শর্তে হস্তান্তর করতে সরকার ইচ্ছা প্রকাশ করেছেন;

এবং যেহেতু সরকার ও খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের মধ্যে এ বিষয়ে আলোচনা হয়েছে এবং উক্ত আলোচনার পরিপ্রেক্ষিতে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ অত্র জেলার বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের কার্যক্রম নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে গ্রহণ করতে সম্মত হয়েছেন;

সেহেতু সরকার উপরিউক্ত আইনের ২৩(খ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের সম্মতিক্রমে নিম্নলিখিত কর্ম ও বিষয়গুলি নিম্নবর্ণিত শর্তাধীনে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের ব্যবস্থাপনায় ও নিয়ন্ত্রণে হস্তান্তর করলেন;

## কর্ম ও বিষয়

সরকার তথা কৃষি মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত খাগড়াছড়ি পার্বত্য জেলার বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (BADC) এর-

(১) সকল কার্যক্রম পরিচালনা, তত্ত্বাবধান, সমন্বয় সাধন ও নিয়ন্ত্রণ;
(২) উন্নয়নের জন্য স্থানীয়ভাবে পরিকল্পনা/প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন;
(৩) জাতীয় পর্যায়ে গৃহীত সকল উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন;
(৪) জেলা পর্যায়ে বিভাগীয় প্রধান, তাঁর অধীনস্থ কর্মকর্তা ও কর্মচারীগণ এবং উপজেলা পর্যায়ে কর্মকর্তা ও কর্মচারীগণ এবং তাদের চাকুরী;
(৫) সকল ভবন, সম্পদ, যানবাহন, আসবাবপত্র ইত্যাদি ও এদের ব্যবস্থাপনা, মেরামত, সংস্কার, রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন;
(৬) সকল তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের নিয়োগ, পদোন্নতি, ছুটি, প্রশিক্ষণ, বদলী ও শৃংঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ।

## শর্ত সমূহঃ

১। অর্থ বরাদ্দঃ

(ক) সকল কর্মকর্তা ও কর্মচারীদের বেতন-ভাতা ও অফিসিয়াল অন্যান্য সকল অর্থ বরাদ্দ মন্ত্রণালয়/অধিদপ্তর পরিষদের অনুকূলে প্রদান করবে এবং পরিষদ বিধি/প্রবিধান মোতাবেক তা পরিশোধ করবে;

(খ) উপজেলায় নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের বেতন, ভাতা ও অন্যান্য অফিসিয়াল ব্যয়ের অর্থ সরাসরি উপজেলায় বরাদ্দ প্রদান পূর্বক পরিষদকে অনুলিপি দিতে হবে;

(গ) সকল উন্নয়ন কর্মকান্ডের জন্য মন্ত্রণালয়/অধিদপ্তর বরাদ্দযোগ্য অর্থ পরিষদের অনুকূলে প্রদান করবে;

(ঘ) বাসাবাড়ী, বিশ্রামাগার, স্থাপনা, যানবাহন, আসবাবপত্র ও অন্যান্য উৎস হতে প্রাপ্ত আয় জেলা পরিষদের তহবিলে জমা হবে।

২। নিয়োগ, বদলী, ছুটি, শৃঙ্খলামূলক ব্যবস্থা ইত্যাদিঃ

(ক) জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণের নিয়োগ, বদলী, ছুটি, প্রশিক্ষণ ও শৃঙ্খলামূলক ব্যবস্থা ইত্যাদি প্রচলিত বিধি বিধান ও নিয়মানুসারে পরিচালিত হবে। তারা পরিষদের অধীনে প্রেষণে নিয়োজিত থাকবেন;

(খ) জেলার বিভাগীয় প্রধানের নৈমিত্তিক ছুটি পরিষদের চেয়ারম্যান এবং তাঁহার অনুপস্থিতিতে তাঁর দ্বারা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি/কর্মকর্তা (যিনি আবেদনকারী কর্মকর্তার নিম্ন পর্যায়ের কোন কর্মকর্তা হবেন না) মঞ্জুর করবেন এবং কর্মস্থল ত্যাগের অনুমতি প্রদান করবেন;

(গ) জেলায় নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের স্বাভাবিক মেয়াদ পুর্তির পূর্বে অন্য জেলায় বদলী করা যাবে না এবং জনস্বার্থে বিশেষ কারণে বদলী করবার ক্ষেত্রে প্রতিভূ পদায়ন পূর্বক পরিষদের পূর্বানুমোদন নিতে হবে। প্রতিভূ কর্মকর্তা কাজে যোগদান না করা পর্যন্ত বদলীকৃত কর্মকর্তাকে অবমুক্ত করা যাবে না। বদলীর ক্ষেত্রে কর্মকর্তা কর্মচারীদের নিয়োগ ও অবমুক্তির জন্য পরিষদ চেয়ারম্যানের অনুমোদন নিতে হবে;

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

(ঘ) সকল ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী নিয়োগ, বদলী, পদোন্নতি, প্রশিক্ষণ ও শৃঙ্খলামূলক ব্যবস্থা পরিষদের কর্মচারী চাকুরী প্রবিধানমালা মোতাবেক সম্পাদিত হবে এবং জেলার অভ্যন্তরে কর্মচারীদের বদলী জেলা পরিষদ করবে।

৩। <u>বার্ষিক গোপনীয় অনুবেদনঃ</u>

(ক) জেলার বিভাগীয় প্রধানের বার্ষিক গোপনীয় অনুবেদন পরিষদের চেয়ারম্যান লিখবেন ও প্রতিস্বাক্ষর করবেন এবং যথাযথ কর্তৃপক্ষের নিকট সংরক্ষণের জন্য প্রেরণ করবেন।

(খ) অন্যান্য কর্মকর্তাদের বার্ষিক গোপনীয় অনুবেদন জেলার বিভাগীয় প্রধান লিখবেন। পরিষদ চেয়ারম্যান তাতে প্রতিস্বাক্ষর করবেন এবং যথাযথ কর্তৃপক্ষের নিকট সংরক্ষণের জন্য প্রেরণ করবেন। অন্যান্য কর্মচারীদের ক্ষেত্রে প্রচলিত নিয়ম বহাল থাকবে।

৪। বিবিধঃ

বিদেশী সাহায্য সংস্থা কর্তৃক কর্ম/বিষয়ের সহিত সংশ্লিষ্ট প্রকল্প বা কর্মসূচী পরিষদের অনুমোদন ও নিয়ন্ত্রণে বাস্তবায়িত হবে।

৫। <u>চুক্তি সংশোধনঃ</u>

(ক) খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ এবং কৃষি মন্ত্রণালয় যৌথভাবে চুক্তিতে বর্ণিত শর্তসমূহ প্রয়োজনবোধে পর্যালোচনা পূর্বক জনস্বার্থে ঐক্যমত্যের ভিত্তিতে এই চুক্তি পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন ও সংযোজন করতে পারবেন;

(খ) চুক্তি বাস্তবায়নে এবং এর ব্যাখ্যার ব্যাপারে কৃষি মন্ত্রণালয় ও খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের মধ্যে কোন বিরোধ দেখা দিলে বিষয়টি নিস্পত্তির জন্য সরকার তথা পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের নিকট পেশ করা হবে এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় উক্ত বিষয়ে বিরোধ নিস্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের সাথে আলোচনাক্রমে প্রয়োজনীয় পদক্ষেপ/চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন।

এই চুক্তি অদ্য ৮ নভেম্বর, ২০১২খ্রিঃ/ ২৪ কার্তিক, ১৪১৯ বঙ্গাব্দ হতে কার্যকর হবে।

(কুজেন্দ্র লাল ত্রিপুরা)
চেয়ারম্যান
খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ

(সৈয়দ মুস্তাফীজুর রহমান)
অতিরিক্ত সচিব(প্রশাসন ও উপকরণ)
কৃষি মন্ত্রণালয়

পর্যবেক্ষক

(নব বিক্রম কিশোর ত্রিপুরা, এনডিসি)
সচিব
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়